গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাটখিল,
নোয়াখালী
http://doict.chatkhil.noakhali.gov.bd/

উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো. দিদারুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ০৬ সেপ্টেম্বর, ২০২০ |
| সভার সময় | সকাল ১১ঃ৩০ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রচার, প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচী পেশ করার জন্য সহকারী প্রোগ্রামার (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)কে অনুরোধ করেন। অতঃপর সহকারী প্রোগ্রামার(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর) চাটখিল উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন। সভার শুরুতে বিগত ২৮ আগস্ট, ২০২০ তারিখ আনুমানিক রাত ১০ঃ০০টায় মৃত্যুবরণকারী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার জনাব মোঃ মাহমুদুল হাসান চৌধুরী এর মৃত্যুতে শোক প্রস্তাব উত্থাপন করা হয়। এর পাশাপাশি বিগত ০৩সেপ্টেম্বর, ২০২০ তারিখে দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় জনাব ওয়াহিদা খানম এবং তাঁর বীর মুক্তিযোদ্ধা পিতার উপর ঘটে যাওয়া বর্বরোচিত হামলার তীব্র নিন্দা জানানো হয় এবং সুষ্ঠু তদন্তপূর্বক বিচারের দাবী করা হয়। এছাড়া বিগত ০৪সেপ্টেম্বর, ২০২০ তারিখে নারায়ণগঞ্জের ফতুল্লার তল্লা এলাকার বাইতুস সালাত জামে মসজিদে রাত ৮টার দিকে এশার নামাজ চলাকালীন অবস্থায়এসি বিস্ফোরণের ঘটনায় নিহত মুসল্লীদের প্রতি শোক প্রকাশ করা হয়।এর পরবর্তীতে সভার মূল আলোচনা শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।সকল দপ্তরের পোর্টাল হালনাগাদের সামগ্রিক চিত্র সভায় বিস্তারিত দেখানো হয়। উপজেলার সার্বিক পোর্টাল হালনাগাদের পরিমাণ ৯৯.৫৫%। ৩৬টি সরকারী অফিসের মধ্যে ৩৫টি সরকারী অফিস শতভাগ হালনাগাদকৃত। যে সকল অফিস শতভাগ হালনাগাদকৃত হওয়ার পরও যথাযথ তথ্য সম্বলিত নয়, তাদেরকে যথযথ তথ্য প্রদানপূর্বক পোর্টাল হালনাগাদের নির্দেশনা প্রদান করা হয়। ০৯টি ইউনিয়ন পরিষদের মধ্যে ০৩টি ইউনয়ন পরিষদ শতভাগ হালনাগাদকৃত। অন্য ইউনিয়ন পরিষদের হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। পোর্টাল হালনাগাদের ব্যাপারে ইউনিয়ন পরিষদ সচিব এবং উদ্যোক্তাদের সাথে আলাদা একটি মিটিং আয়োজনের ব্যাপারে ইউএনও মহোদয় সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন। এর পাশাপাশি করোনা সংক্রমণরোধে অনলাইনে ফাইল আদানপ্রদানের ব্যাপারেও ই-নথি এর গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়।<br>যে সকল অফিসসমূহের লাইভ আইডি রয়েছে, সেই সকল অফিস সমূহে শতভাগ দাপ্তরিক কার্যক্রম ই-নথি ব্যবহারের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা দেওয়া হয়। বাকী অফিসসমূহের জরুরী ভিত্তিরে ই-নথি আইডি খোলার ব্যাপারে তাগিদ প্রদান করা হয় এবং সহকারী প্রোগ্রামারকে এ ব্যাপারে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এমুহুর্তে উপজেলার ১০টি অফিস ই-নথির আওতাধীন।এছাড়া ই-নথি কার্যক্রমে কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজনের ব্যাপারেও আলোচনা করা হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় (১২) বারোটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবরয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>করোনাকালীন সময়ে ল্যাবসমূহের যথাযথ দেখভাল এবং পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। চলতি মাস হতেই পুনরায় ল্যাব সমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করতে ইউএনও মহোদয় সহকারী প্রোগ্রামারকে নির্দেশ দেন। এর পাশাপাশি ল্যাবসমূহে ইউএনও মহোদয়কে সঙ্গে নিয়ে পরিদর্শনের জন্য ইউএনও মহোদয় সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম | উপজেলার সকল ইউনিয়ন পরিষদসমূহে নতুন জন্ম মৃত্যু নিবন্ধনের ওয়েবসাইটে http://bdris.gov.bd/ আইডি খুলবার জন্য তাগিদ প্রদান করা হয়। যে সকল ইউপি হতে এখনো আইডি খোলা হয় নি, তাদেরকে ইতি সত্বর সহকারী প্রোগ্রামার এর সহিত যোগাযোগ করে আইডি খুলে ফেলার ব্যাপারে জরুরী নির্দেশনা প্রদান করা হয়। | বাস্তবায়নে সংশ্লিষ্টইউনিয়ন পরিষদও সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৫ | অনলাইন বিজ্ঞান কুইজ প্রতিযোগিতা আয়োজন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা এর লিখিত এবং মৌখিক পরীক্ষা কিভাবে অনলাইনে সহজাভাবে সম্পাদন করা যায় সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়। লিখিত পরীক্ষা এমসিকিউ আকারে গুগল ফর্মের মাধ্যমে এবং মৌখিক পরীক্ষা Zoom এর মাধ্যমে নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৬ | অনলাইন ক্লাস পরিচালনা ও সংসদ বাংলাদেশ টেলিভিশন | করোনাকালীন পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কিভাবে অনলাইন ক্লাস পরিচালনা করতে পারে, সেই বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে তাঁদের অনলাইন ক্লাস কার্যক্রম শুরু করেছে বলে সভায় সকলকে অবহিত করে। এই নিমিত্তে তারা ফেসবুক প্লাটফর্ম, জুম অ্যাপ এর মাধ্যমে তাঁদের অনলাইনের ক্লাসের কার্যক্রম সচল রেখে বলে সভায় অবহিত করেন। সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত ক্লাসসমূহ দেখার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করার ব্যাপারে শিক্ষকদেরকে নির্দেশনা প্রদান করা হয়।<br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনো অনলাইন ক্লাস সক্রিয়ভাবে শুরু করতে সক্ষম হয় নি, সেই সকল প্রতিষ্ঠান প্রধানকে অনলাইন ক্লাস পরিচালনা করার ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | অন্যান্য | এর পাশাপাশি CAMS(Central Aid Management System) এর সর্বশেষ হালনাগাদ তথ্য সভায় উপস্থাপিত হয়। এ যাবত আপলোডকৃত তালিকার ভিতর কতজন টাকা পেয়েছেন, কি কি মাধ্যমে টাকা পেতে পারেন, সেটি নিয়ে আলোচনা হয়। টেলিমেডিসিন এর প্রয়োগ আরো জোরদারকরণে সভায় আলোচনা হয়। করোনাসংক্রান্ত জরুরী সকল অফিসিয়াল নির্দেশনা যাতে সহজে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে জানা যায় সেজন্য ফেসবুকে উপজেলা প্রশাসনের একটি মেসেঞ্জার গ্রুপ রয়েছে। গ্রুপের সংশ্লিষ্ট সকলকে গ্রুপটিতে সক্রিয় থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকলে |




মো. দিদারুল আলম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫১০.০০০.০৬.০০৬.২০.৫

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭
০৭ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রাপকঃ উপজেলা আইসিটি কমিটি এর সংশ্লিষ্ট সকলে



কাজী মঈনুল হোসেন
সহকারী প্রোগ্রামার